



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-৫৬/ ১৮২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৮
৩০ মে, ২০২১

বিষয়ঃ রিট পিটিশন নং-৫২৪০/২০২০ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে


সূত্র: ১। জনাব মোঃ বজলুর রহমান (অপসারণকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ) এর দরখাস্ত তাং ২৪/০৮/২০২০ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫২৪০/২০২০;
৩। নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-৫৬/১৪১; তারিখ: ১১/০২/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন চন্ডিপুর ডাকঘরের অন্তর্গত চন্ডিপুর আলহাজ্জ গেন্দা মরিয়ম আলিম মাদ্রাসার গভার্ণিং বডির বিরুদ্ধে জনাব মোঃ বজলুর রহমান (বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫২৪০/২০২০ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ১৫/০৯/২০২০খ্রিঃ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ২৩/০২/২০২১খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মোঃ বজলুর রহমান (বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ), ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব মোঃ আসাদুজ্জামান নূর, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আইয়ুব আলী এবং বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ দাবীদার জনাব মোঃ বজলুর রহমান বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ বজলুর রহমান (বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ) এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের পদ থেকে বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ বজলুর রহমান (বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ)- পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ


১. সভাপতি, চন্ডিপুর আলহাজ্জ গেন্দা মরিয়ম আলিম মাদ্রাসা, চন্ডিপুর, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
২. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, চন্ডিপুর আলহাজ্জ গেন্দা মরিয়ম আলিম মাদ্রাসা, চন্ডিপুর, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৩. জনাব মোঃ বজলুর রহমান, চন্ডিপুর আলহাজ্জ গেন্দা মরিয়ম আলিম মাদ্রাসা, চন্ডিপুর, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-৫৬/ ১৮২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৮
৩০ মে, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, গাইবান্ধা;
৪. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।



(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২-৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd